# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৬৫১

৪৪/ ইলম (كتاب العلم عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ইলম অন্বেষণকারী সম্পর্কে বিশেষ ওসিয়াত চাওয়া।

باب مَا جَاءَ فِي الاِسْتِيصَاءِ بِمَنْ يَطْلُبُ الْعِلْمَ

আরবী

حَدَّثَنَا سُفْيَانُ بْنُ وَكِيعٍ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ الْحَفَرِيُّ، عَنْ سُفْيَانَ، عَنْ أَبِي هَارُونَ الْعَبْدِيِّ، قَالَ كُنَّا نَأْتِي أَبَا سَعِيدٍ فَيَقُولُ مَرْحَبًا بِوَصِيَّةِ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ " إِنَّ النَّاسَ لَكُمْ تَبَعٌ وَإِنَّ رِجَالاً يَأْتُونَكُمْ مِنْ أَقْطَارِ الأَرَضِينَ يَتَفَقَّهُونَ فِي الدِّينِ فَإِذَا أَتَوْكُمْ فَاسْتَوْصُوا بِهِمْ خَيْرًا " . قَالَ أَبُو عِيسَى قَالَ عَلِيٌّ قَالَ يَحْيَى بْنُ سَعِيدٍ كَانَ شُعْبَةُ يُضَعِّفُ أَبَا هَارُونَ الْعَبْدِيَّ . قَالَ يَحْيَى بْنُ سَعِيدٍ مَا زَالَ ابْنُ عَوْنٍ يَرْوِي عَنْ أَبِي هَارُونَ الْعَبْدِيِّ حَتَّى مَاتَ . قَالَ أَبُو عِيسَى وَأَبُو هَارُونَ اسْمُهُ عُمَارَةُ بْنُ جُوَيْنٍ .

বাংলা

২৬৫১. সুফইয়ান ইবন যায়দ (রহঃ) ..... আবূ হারূন (রহঃ) থেকে বর্ণিত তিনি বলেনঃ আমরা আবূ সাঈদ রাদিয়াল্লাহু আনহু-এর কাছে (ইলম অর্জন করতে) আসতাম। তখন তিনি বলতেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর ওসীদেরকে মারহাবা, শুভেচ্ছা ও স্বাগত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ লোকেরা তোমাদের অনুসারী হবে। পৃথিবীর দূর প্রান্ত থেকে লোকেরা তোমাদের কাছে দীনের জ্ঞান লাভ করার জন্য আসবে। তারা যখন তোমাদের কাছে আসবে তখন কল্যাণ সাধনে সচেষ্ট থাকার জন্য তোমরা (আমার) ওসীয়াত গ্রহণ কর। যঈফ, ইবনু মাজাহ ২৪৯, তিরমিজী হাদিস নম্বরঃ ২৬৫০ [আল মাদানী প্রকাশনী]

আলী ইবন আবদুল্লাহ্ বলেন, ইয়াহ্ইয়া ইবন সাঈদ বলেছেনঃ শু’বা (রহঃ) আবূ হারূন আবদী (রহঃ)-কে যঈফ বলতেন। কিন্তু ইবন আওন (রহঃ) মৃত্যু পর্যন্ত আবূ হারূন আবদী (রহঃ) থেকে হাদীস রিওয়ায়ত করেছেন: ।আবূ হারূন (রহঃ) এর নাম হল উমারা ইবন জুওয়ায়ন।

## English

Narrated Abu Harun [Al-'Abdi]:
"We went to Abu Sa'eed and he said: 'Welcome with the exhortation of the Messenger of Allah (ﷺ). Indeed the Prophet (ﷺ) said: "Surely, the people are followers of you, and men will certainly come to you from the regions of the earth to gain understanding in the religion. So when they come to you exhort them with good."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=38005

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন